



## ভিসির পদত্যাগ দাবিতে গণস্বাক্ষর

প্রকাশিত: ২৪ - এপ্রিল, ২০১৯ ১২:০০ এ. এম.

- বরিশাল বিশ্ববিদ্যালয়

স্টাফ রিপোর্টার, বরিশাল ॥ শিক্ষার্থীদের প্রতি উপাচার্য প্রফেসর ড. এসএম ইমামুল হকের লিখিত আবেদনকে মিথ্যাচার আখ্যায়িত করে তার (ভিসি) পদত্যাগের দাবিতে গণস্বাক্ষর ও অবস্থান কর্মসূচী পালন করছে শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীরা।

সরকারী ছুটি ও পবিত্র শব-ই-বরাতের কারণে দুইদিন আন্দোলন কর্মসূচী স্থগিত থাকার পর মঙ্গলবার আন্দোলনের ২৬তম দিনে সকাল নয়টায় উপাচার্যের পদত্যাগের দাবিতে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের সামনে অবস্থান নিয়ে গণস্বাক্ষর গ্রহণ করা হয়। পাশাপাশি সকাল থেকেই একাডেমিক ভবন ঘিরে শিক্ষক ও কর্মচারীরা অবস্থান কর্মসূচী পালন করেছেন। তবে অবাঞ্ছিত ঘোষণা দেয়া বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ও জনসংযোগ কর্মকর্তাসহ উর্ধ্বতন কর্মকর্তাদের আন্দোলনের শুরু থেকে ক্যাম্পাসে দেখা যাচ্ছে না।

এদিকে ভিসির দেয়া ডাকে সারাদিয়ে কোন শিক্ষার্থীই ক্লাসে যায়নি। ক্লাস করানো নিয়ে শিক্ষকদেরও কোন তৎপরতা লক্ষ্য করা যায়নি। শিক্ষার্থীদের দাবি যে, ভিসিকে আমরা ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা করেছি, যার পদত্যাগ চেয়ে ২৬ দিন ধরে আন্দোলন সংগ্রাম করে আসছি, তার ডাকে সারা দেয়ার প্রশ্নই ওঠে না।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী লোকমান হোসেন ও শফিকুল ইসলাম বলেন, উপাচার্যর (ভিসি) একটি লিখিত আবেদন প্রকাশ পেয়েছে। যেখানে তিনি বলেছেন ৫ শতাংশ শিক্ষার্থীর আন্দোলন এটি, বাকিরা নাকি তার পক্ষে। যা সম্পূর্ণ মিথ্যাচার।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com